

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২১.০৩০.২৩ নথির বিষয়: Supply of Mechanical Consumable item for maintenance purpose of SWTP phase-2

নোট: ১ নোটের বিষয়: Supply of Mechanical Consumable item for maintenance purpose of SWTP phase-2 সংগ্রহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৬/৬/২৩ ৩:৪৫ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৪ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। শীতলক্ষ্যা নদী হতে পানি এনে সায়োদাবাদ পানি শোধনাগারের মাধ্যমে পরিশোধন করে ঢাকা মহানগরবাসীর জন্য প্রতিদিন ৪৫ কোটি লিটার এর অধিক পানি সরবরাহ করা হচ্ছে। সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ নামে দুটি শোধনাগার রয়েছে। এর মধ্যে সাপাশো ফেজ-২ একটি Advanced, Automated ও Sophisticated প্লান্ট এবং এখানে অত্যাধুনিক Machine ও Equipment (SCADA, PLC, Gas Generator, Meteor, Blowers, Pump-Motor, Softener Plant, Online Analyzer etc.) রয়েছে। সাপাশো ফেজ-২ তে অবস্থিত বিভিন্ন ইউনিটে “র” ওয়াটার কে পরিশোধন করে সর্বশেষ ট্রিটেড ওয়াটার স্টরেজ ট্যাংকে জমা করা হয়। পরবর্তীতে ট্রিটেড ওয়াটার স্টরেজ ট্যাংক থেকে পাম্পিং করে পরিশোধিত পানি ট্রান্সমিশন নেটওয়ার্কে দেয়া হয়। প্লান্টটি সুষ্ঠুভাবে পরিচালন তথা নিরবিচ্ছিন্ন পানি সরবরাহের লক্ষ্যে এর বিভিন্ন Machine ও Equipment সার্বক্ষণিক কর্মোপযোগী রাখতে হয় বলে নিয়মিত মেইনটেনেন্স কাজ করতে হয়। প্ল্যান্টের বিভিন্ন ইউনিটের মেইনটেনেন্স কাজ করার জন্য বিভিন্ন হার্ডওয়্যার ও কনজুম্যাবল আইটেম সংগ্রহ করার জন্য সাপাশো ফেজ-২ হতে অত্র বিভাগে মালামালের চাহিদা দেওয়া হয়েছে (সংযুক্ত ক্রমিক-২)। চাহিদা পত্রের বিপরীতে আলোচ্য Supply of Mechanical Consumable item for maintenance purpose of SWTP phase-2 শীর্ষক কাজটি সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা আছে। মালামালগুলি সংগ্রহ করা হলে বিভাগীয় ফোরম্যান/ টেকনিশিয়ান দ্বারা যে কোন সময় ক্রটিযুক্ত মালামাল পরিবর্তন করে প্ল্যান্ট সচল রাখা যাবে। আলোচ্য মালামালগুলির বর্তমান মজুদ প্রায় শূন্য হওয়ায় মালামালগুলি সংগ্রহ করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে সাপাশো ফেজ-২ এর চাহিদা মোতাবেক আলোচ্য মালামালগুলি ক্রয় করার লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত কোটেশনের তুলনামূলক কম দরের উপর ভিত্তি করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত ক্র: নং-৪)। এতে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৳১৯,৯৪,১৪৩/- (উনিশ লক্ষ চুরানব্বই হাজার একশত তেতাল্লিশ মাত্র) টাকা। আলোচ্য সরবরাহ কাজটির ব্যয়ভার চলতি ২০২২-২৩ইং অর্থ বছরের সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার খুচরা যন্ত্রাংশ (শোধনাগার) (কোড ০১-০৪-০২৫) খাতের ক্রমিক নং-২৯৪ এবং প্যাকেজ নং-G-114 এ অন্তর্ভুক্ত করা আছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৬/৬/২৩ ৩:৪৬ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-১ এর ৬১ ধারা অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM, e-GP) এ দরপত্র আহবান করে কাজটি সম্পন্ন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৬/৬/২৩ ৩:৪৭ অপরাহ্ন


এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply of Mechanical Consumable item for maintenance purpose of SWTP phase-2 সংগ্রহ কাজের লক্ষ্যে উপস্থাপিত মোট ৳১৯,৯৪,১৪৩/- (উনিশ লক্ষ চুরানব্বই হাজার একশত তেতাল্লিশ মাত্র) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ (OTM, e-GP) এ দরপত্র আহবানের মাধ্যমে কাজটি সম্পন্ন করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

 ২৬/৬/২৩ ৩:৪৮ অপরাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	 ২৬/৬/২৩ ৪:১০ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	 ২৬/৬/২৩ ৫:৫৭ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৬/৬/২৩ ৫:৫৭ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
--	---	--	---

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৭/৬/২৩ ১২:৩৯ পূর্বাহ্ন
 Forwarded for kind approval of paragraph:1.2

 ২৭/৬/২৩ ১২:৩৯ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২৭/৬/২৩ ১২:৩৯ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
---	---

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৭/৬/২৩ ১:২০ অপরাহ্ন
 অনুমোদিত

 ২৭/৬/২৩ ১:২০ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ২৭/৬/২৩ ৩:৫০ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	 ২৭/৬/২৩ ৫:১৩ অপরাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
--	--	--